

নতুন বৌয়ের কুলো

কাজী জহিরুল ইসলাম

টেনে হিচড়ে আকাশটাকে মাটিতে নামালাম
তুলে দিলাম নতুন বৌয়ের কুলোয়
ধানতারা, মরাতারা, কংকরতারা বাছতে বাছতে
নাচতে নাচতে ভাত চড়ালো নতুন বৌ
ভাতের তারা ফুটতে ফুটতে
ভাতের ধোয়া ছুটতে ছুটতে আকাশে উঠে গেলো
মেঘ হলো, বৃষ্টি হলো
চুলো নিভলো কুলো ভিজলো
কষ্ট এলো ঘরে ঘরে, কৃষকের মাথা নষ্ট হলো

কালো বেড়াল উঠানে হাঁটে, গোহালে ঘুমায়
হাতালে এখন কুনো ব্যঙের নিসর্গ
সুবেহসাদেকের মিনার ঠোকরায় একদল দাঁরকাক
হাঁক দেয় চৌকিদার ‘বস্তিওয়ানা জাগো...’

আবিদজান, আইভরিকোস্ট
৮ আগস্ট, ২০০৫